দৈনিক ইনকিলাব

তারিখ 26 DEC 1987
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

049

## যশোর শিক্ষা বোর্ড

# এইচএসসি পরীক্ষার প্রকাশিত ফলের ভুল সংশোধন করা হয়েছে

যশোর, ২৫ ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— ১৯৮৭ সালের জুন-জুলাই মাসে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফলাফলে একটি মারাত্মক ভুল পরিলক্ষিত হয়। গত ২২ অক্টোবর '৮৭ যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার উক্ত ফলাফল প্রকাশিত হয়।

২-এর পৃষ্ঠায় দেখুন

## যশোর শিক্ষা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

উক্ত পরীক্ষাতে সম্মিলিত মেধা তালিকা পুরুষ ও মহিলা প্রথম ২০ জনের মধ্যে যে পরীক্ষার্থী ১২তম স্থান অধিকার করেছে, বোর্ড কর্তৃপক্ষের মারাত্মক ভুলের ফলে তাকে শুধু প্রথম বিভাগে পাস করানো হয়।

এই মারাত্মক ভুলের শিকার হয়েছেন যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন ঝিনাইদহ ক্যাডেট কলেজ (বিজ্ঞান শাখা) ছাত্র এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থী জামশেদ জালাল রোল নং ২২। সে সর্বমোট পেয়েছে—৮৩০, পদার্থ বিদ্যা, রসায়ন ও প্রকৌশলী অংক ও ওয়ার্কশপ প্রাকটিসে লেটার নম্বর পেয়েছে।

এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে পরীক্ষা নিয়ন্ত্রক জানান, এই ভুলটি খুবই দুঃখজনক, এটি অনভিপ্রেত। বোর্ডের ফলাফল সংক্রান্ত যাবতীয় কাজকর্ম টেবুলেটরগণই করে থাকেন।

ঐ ভুলটি ধরাপড়ার পর সংশোধিত বিজ্ঞপ্তি মারফত বিজ্ঞপ্তি নং পনি/৩৬৩ তাং ২/১২/৮৭ তারিখে একটি পত্রে গত ২/১০/৮৭ তারিখে ৩৫৭/পনি বিজ্ঞপ্তি মারফত প্রকাশিত ১৯৮৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় দ্বাদশতম স্থানে একটি নতুন নাম সংযোজনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় এতদ্বারা তা সংশোধন করে ১৯৮৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সংশোধিত মেধা তালিকা প্রকাশ করা হল— উক্ত সংশোধিত মেধা তালিকায় জামশেদ জালাল ১২তম স্থান অধিকার করেছে এবং তা নোটিফেকেশন অনুযায়ী ক্যাডেট কলেজ কর্তৃপক্ষকে যথারীতি জানিয়ে প্রয়োজনীয় কপি দেয়া হয়েছে।

বোর্ড কর্তৃপক্ষ জানান, প্রকাশিত ফলাফলের গেজেটে প্রথমেই বিজ্ঞপ্তি দেয়া থাকে। ফলাফলে ভবিষ্যতে কোন প্রকার অসংগতি অথবা অনভিপ্রেত ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সংরক্ষিত রইল।

উল্লেখ্য যে, প্রকাশিত ফলাফলে কোন প্রকাশ ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা অবশ্যই ফল প্রকাশের দিন হতে পরবর্তী ৩০ দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করতে হবে। অন্যথায় এ ব্যাপারে কর্তৃপক্ষের কোন দায়-দায়িত্ব থাকবে না।

ক্যাডেট কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যেই বোর্ড কর্তৃপক্ষকে উক্ত ভুলটির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।